

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বিধিবদ্ধ নিরীক্ষা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১৫১.২২.০০২.১৮.২৭৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫  
১২ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০১৮ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০১৮ এর খসড়া প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হল:


- ১) যুগ্ম সচিব (নিরীক্ষা) - আহ্বায়ক;
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি - সদস্য;
- ৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিনিধি - সদস্য;
- ৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল - সদস্য;
- ৫) উপসচিব (বিধিবদ্ধ নিরীক্ষা) - সদস্য সচিব।

০২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

- ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০১৮ এর অধিকতর সংশোধনপূর্বক নতুন খসড়া নীতিমালা প্রণয়ন;
- খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০১৮ এর খসড়া প্রণয়ন;
- গ) কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভায় মিলিত হয়ে পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষাক্রমে উল্লিখিত নীতিমালা দু'টির খসড়া প্রস্তুত করবে এবং মতামত গ্রহণ ও চূড়ান্তকরণের জন্য উপস্থাপন করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১২-৮-২০১৮

মোঃ রাহেদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

ইমেইল: sas\_audit@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১৫১.২২.০০২.১৮.২৭৯/১(১২)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ৮) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল
- ১২) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ